

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[Phone: 88-02-9511066, Fax: 88-02-9552323, www.most.gov.bd]

## প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ: গবেষণা ফলাফল ও প্রয়োগ  
সম্পর্কে অবহিতকরণ বিষয়ক সেমিনার


ঢাকা, ১১ জুন ২০১৯

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় আয়োজিত “জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ: গবেষণা ফলাফল ও প্রয়োগ” বিষয়ক সেমিনার আজ রাজধানীর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান। সভাপতিত্ব করেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব মোঃ আনোয়ার হোসেন। স্বাগত বক্তব্য প্রদান করেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মুহাম্মদ আকবর হসাইন।

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী বলেন, বিজ্ঞানমনস্ক জাতি গঠন, বিজ্ঞান সংক্রান্ত গবেষণা উন্নয়ন ও ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে জাতির পিতা, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি সোনার বাংলার স্বপ্নদ্রষ্টা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মরণে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক বঙ্গবন্ধু ফেলোশিপ অন সায়েন্স এন্ড আইসিটি শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করা হয়। বর্তমান সরকার বিজ্ঞানভিত্তিক সমাজ গঠনে দৃঢ় প্রতিজ্ঞ। বিজ্ঞান ও প্রযুক্তির সঠিক ব্যবহারের মাধ্যমে দেশের শান্তি, সমৃদ্ধি ও উন্নয়নের লক্ষ্যে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় নিরলসভাবে কাজ করে চলেছে। এতে বিজ্ঞান ও প্রযুক্তিচর্চা এবং গবেষণামূলক কাজের বিকাশ ও বিস্তৃতি ঘটছে। এসময় মন্ত্রী গবেষক ও বিজ্ঞানীগণকে আন্তরিকতার সাথে গবেষণাকর্ম পরিচালনার আহ্বান জানান যাতে সাধারণ জনগণের কষ্টার্জিত অর্থের সুষ্ঠু ও যথাযথ ব্যবহার হয়।

মন্ত্রী আরো বলেন, নীতি-নির্ধারনী পর্যায়ে সহযোগিতা এবং উপযুক্ত পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় গত কয়েক বছরে দুর্লভ সাফল্য অর্জন করেছে। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এর অধীনস্থ বিভিন্ন প্রতিষ্ঠানের অংশগ্রহণের মাধ্যমে বিজ্ঞান চর্চা ও প্রযুক্তি উদ্ভাবন এবং যথাযথ ক্ষেত্রে এর প্রয়োগের জন্য প্রচেষ্টা অব্যাহত রেখেছে।

সেমিনারের বিভিন্ন গবেষণা প্রতিবেদন উপস্থাপন, আলোচনা ও প্রশ্নোত্তর পর্ব হয়। এতে দেশের বিভিন্ন গবেষক তাদের গবেষণার মূল প্রবন্ধ উপস্থাপন ও আলোচনায় অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকমন্ডলী, গবেষকবৃন্দ, মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারী এবং মন্ত্রণালয়াদীন সংস্থাসমূহের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।



(বিবেকানন্দ রায়)

সিনিয়র তথ্য অফিসার

☎ ৯৫৪ ০৩৮৭ (অঃ) / 📠 ০১৭১১-৮১৫৮৮১

E-mail: [pro@most.gov.bd](mailto:pro@most.gov.bd)

[royv047@gmail.com](mailto:royv047@gmail.com)